

সংবাদ বিজ্ঞপ্তি

**শহীদ শেখ কামালের জন্মবার্ষিকী উপলক্ষে
নোবিপ্রবিতে দোয়া ও মিলাদ মাহফিল**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠপুত্র, বিশিষ্ট ক্রীড়া সংগঠক ও বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের ৭৪তম জন্মবার্ষিকী উপলক্ষে আজ শনিবার (৫ আগস্ট ২০২৩) নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে। বাদ যোহর নোবিপ্রবি কেন্দ্রীয় মসজিদে আয়োজিত দোয়া ও মিলাদ মাহফিলে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেন। এসময় ১৫ আগস্টের কালরাতে নিহত জাতির পিতার পরিবারের সকল শহীদের রুহের মাগফিরাত কামনা করে দোয়া করা হয়।

বহুমাত্রিক সৃষ্টিশীল প্রতিভার অধিকারী বীর মুক্তিযোদ্ধা শহীদ শেখ কামাল ১৯৪৯ সালের এই দিনে তদানীন্তন গোপালগঞ্জ মহকুমার টুঙ্গীপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি আমৃত্যু দেশের ফুটবল ও ক্রিকেটসহ অন্যান্য দেশীয় খেলার উন্নয়নে অপারিসীম অবদান রেখে গেছেন।

প্রসঙ্গত, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাতবার্ষিকীর মাস শোকাবহ আগস্ট উপলক্ষে মাসব্যাপী ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) কর্তৃপক্ষ। বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় কর্মসূচীর পাশাপাশি বিভিন্ন ইনস্টিটিউট, বিভাগ, হল, দপ্তর ও সংগঠনসমূহ এসব কর্মসূচি পালন করবে।

R. Kader

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

